

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ডেকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

ওয়েব সাইটঃ www.techedu.gov.bd

স্মারক নং ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৩৯

তারিখ: ২২/০৫/২০১৮খ্রিঃ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে ০২(দুই) ধাপে (৪০+০৮) মোট ৪৮(আটচল্লিশ)টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও কারিগরি শিক্ষা অধিদপ্তরে স্থানান্তর সংক্রান্ত।

সূত্র : ১। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.৩এম-৬৩-ম/২০১৪/১০৪৮ তারিখ : ৩১/০১/২০১৮খ্রিঃ।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.৩এম-৬৩-ম/২০১৪/৪৬৯৮ তারিখ : ১৬/০৪/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারক মূলে জানানো যাচ্ছে যে, ০১ নং ও ০২ নং সূত্রস্ব স্মারক মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত (৪০+০৮) মোট ৪৮(আটচল্লিশ)টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (৪৮১+৭৮) মোট ৫৫৯(পাঁচশত ঊনষাট)জন শিক্ষক-কর্মচারীর এমপিও শীট সহ তালিকা পাওয়া যায় (সংলাগ-১ ও সংলাগ-২)। উক্ত ৫৫৯জন শিক্ষক-কর্মচারীদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করে বেতন ভাতা প্রদানের বিষয়টি ৪৮তম এমপিও সভায় উপস্থাপন করা হলে “ক-১” ও “খ-১” এ-বর্ণিত (২৭৮জন+৫৭জন)=মোট ৩৩৫জন শিক্ষক-কর্মচারীর তথ্য সঠিক ও পদের প্রাপ্যতা থাকায় তাদের কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে স্থানান্তর করে মে/২০১৮খ্রিঃ মাস হতে বেতন ভাতা প্রদান করা হবে এবং “ক-২” ও “খ-২” তালিকায় বর্ণিত (২০২জন+২০জন)= মোট ২২২জন শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি এমপিও জনবল কাঠামো ১৯৯৫ ও ২০১০ অনুযায়ী সঠিক না থাকায় এবং পদের প্রাপ্যতা না থাকায় এমপিও প্রদান না করে তাদের এমপিওভুক্তির বিষয়ে ব্যাখ্যাসহ সঠিক তথ্য প্রদান করার জন্য এবং উক্ত ২২২জন শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করে বেতনভাতা প্রদানের পূর্ব পর্যন্ত আগের ন্যায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে বেতন ভাতা প্রদানের জন্য অনুরোধ করে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে পত্র প্রেরণ করা হবে” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উক্ত সিদ্ধান্তের আলোকে উপর্যুক্ত ০১ নং সূত্রস্ব স্মারক মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে ৪০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ৪৮১জন (প্রকৃতপক্ষে ৪৮০জন) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি এমপিও জনবল কাঠামো নির্দেশিকা ১৯৯৫ ও ২০১০ অনুযায়ী যাচাই করে বর্ণিত ৪০টি কারিগরি প্রতিষ্ঠানের ২৭৮জন শিক্ষক-কর্মচারীর (তালিকা ক-১) তথ্য সঠিক থাকায় তাদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করে মে/২০১৮খ্রিঃ মাস হতে বেতন ভাতা প্রদান করা হল এবং বাকী ২০২জন শিক্ষক-কর্মচারীর (তালিকা ক-২) তথ্য সঠিক না থাকায় তাদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করা গেল না।

৩। উপর্যুক্ত ০২ নং সূত্রস্ব স্মারক মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে ০৮টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ৭৮জন (প্রকৃত পক্ষে ৭৭জন) এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি জনবল কাঠামো নির্দেশিকা ১৯৯৫ ও ২০১০ অনুযায়ী যাচাই করে বর্ণিত ০৮টি প্রতিষ্ঠানের ৫৭জন শিক্ষক-কর্মচারীর (তালিকা খ-১) তথ্য সঠিক থাকায় তাদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করে মে/২০১৮খ্রিঃ মাস হতে বেতন ভাতা প্রদান করা হল এবং বাকী ২০জন শিক্ষক-কর্মচারীর (তালিকা খ-২) তথ্য সঠিক না থাকায় তাদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করা গেল না।

৪। উক্ত “ক-২” ও “খ-২” তালিকায় বর্ণিত (২০২জন+২০জন)= মোট ২২২জন শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি এমপিও জনবল কাঠামো ১৯৯৫ ও ২০১০ অনুযায়ী সঠিক না থাকায় এমপিও প্রদান করা গেল না বিধায় তাদের এমপিওভুক্তির বিষয়ে ব্যাখ্যাসহ সঠিক তথ্য প্রদান করার জন্য এবং “ক-২” ও “খ-২” তালিকায় বর্ণিত (২০২জন+২০জন)= মোট ২২২জন শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি কারিগরি শিক্ষা অধিদপ্তরের এমপিও ডাটাবেজে অন্তর্ভুক্ত করে বেতনভাতা প্রদানের পূর্ব পর্যন্ত আগের ন্যায় আপনার অধিদপ্তর হতে বেতন ভাতা প্রদানের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক।

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা।


স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৪৩৯(০৭)

তারিখঃ ২২/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৩। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৪। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৫। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ৬। উপসচিব (বেসরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ✓ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ জব্বারুল ইসলাম)

সহকারী পরিচালক (এম.পি.ও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।